অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/12/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল নিউ ইয়র্কবাসীদেরকে দেশের নেতৃস্থানীয় যৌন হয়রানি প্রতিরোধ নীতিমালা তৈরির ক্ষেত্রে অংশগ্রহণের কথা মনে করিয়ে দিয়েছেন

নীতিমালার আপডেট সম্পর্কে অবহিত করতে বৃহস্পতিবার, 15 সেপ্টেম্বর তারিখে সরাসরি উপস্থিত হয়ে অংশ নেওয়ার জন্য NYS-এর শ্রম বিভাগ প্রকাশ্য শুনানির আয়োজন করবে; উপস্থিত থাকার জন্য এখানে নিবন্ধন করুন

এছাড়াও নিউ ইয়র্কবাসীরা DOL-এর নিরাপদ অনলাইন ফরমের মাধ্যমে এখানে 20 সেপ্টেম্বর পর্যন্ত মতামত জানাতে পারবেন

এখানে শুধু দেখার জন্য লাইভস্ট্রিম পাওয়া যাবে

নিয়োগকারীদের জন্য স্টেটের যৌন হয়রানি প্রতিরোধের মডেল নীতিমালা সম্পর্কে কর্মচারী, নিয়োগকারী, এবং অন্যান্য স্টেটহোল্ডারের কাছ থেকে মতামত সংগ্রহের জন্য নিউ ইয়র্ক স্টেটের শ্রম বিভাগের (Department of Labor) আয়োজিত সরাসরি উপস্থিত হয়ে অংশ নেওয়ার প্রকাশ্য শুনানিতে উপস্থিত হওয়ার জন্য গভর্নর ক্যাথি হোকল আজ নিউ ইয়র্কবাসীদেরকে উৎসাহিত করেছেন। এই শুনানি স্টেটের যৌন হয়রানি প্রতিরোধের মডেল নীতিমালা শক্তিশালী করার জন্য একটি চলমান প্রক্রিয়ার অংশ এবং এটি সেরা প্রচলনগুলো বাস্তবায়ন করতে নিয়োগকারীদেরকে বিনামূল্যে সাহায্য করার জন্য স্টেটের অঙ্গীকারাবদ্ধতাকে তুলে ধরে।

15 সেপ্টেম্বর, 2022 তারিখ সকাল 10টায় Adam Clayton Powell Jr. State Office Building, Second Floor Community Room, (163 West 125th Street, New York, NY) ঠিকানায় এই শুনানি অনুষ্ঠিত হবে। সকাল 9:30টার সময় দরজা খুলে দেওয়া হবে।

"মহামারী আমাদের কর্মীদের অনেক বেশি ক্ষতি করেছে, এবং আমাদেরকে অবশ্যই সময়ের সঙ্গে তাল মিলিয়ে চলার জন্য আমাদের যৌন হয়রানি প্রতিরোধের মডেল নীতিমালা আধুনিকায়ন করতে হবে," **বলেছেন গভর্নর হোকল।** "নিজেদের মতামত জানানোর জন্য জনসাধারণের মন্তব্য জানানোর এই সময়কালের সুযোগ কাজে লাগানোর জন্য, এবং আমাদের স্টেট যাতে নিরাপদ, অন্তর্ভুক্তিমূলক কর্মস্থলের পরিবেশ সরবরাহ করার ক্ষেত্রে দেশের নেতৃত্ব দেওয়া অব্যাহত রাখতে পারে সে বিষয়টি নিশ্চিত করতে সাহায্য করার জন্য আমি সব নিউ ইয়র্কবাসীকে উৎসাহিত করছি। কোনো ব্যক্তিরই কর্মস্থলে কোনো ধরনের যৌন হয়রানির শিকার

হতে হওয়া উচিত নয়, এবং আমরা একটি সমন্বিত, কার্যকর উপায়ে নিউ ইয়র্কবাসীদেরকে সুরক্ষিত রাখার জন্য একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ গ্রহণ করছি।"

নিউ ইয়র্ক স্টেটের শ্রম বিভাগের কমিশনার রবার্টা রিয়ারডন বলেন, "যৌন হয়রানি প্রতিরোধের মডেল নীতিমালা একটি সাহসী ও সফল উদ্যোগ ছিল, কিন্তু গত চার বছরে, কর্মস্থলগুলোর বিভিন্ন উল্লেখযোগ্য পরিবর্তন ঘটেছে, যার জন্য মহামারীর প্রভাব এবং দূর থেকে ঘরে বসে কাজ করার প্রবণতা বৃদ্ধি পাওয়া অনেকাংশে দায়ী। এই উদ্যোগ যাতে পরিবর্তনশীল কর্মস্থলের সঙ্গে মানিয়ে নিতে পারে সে বিষয়টি নিশ্চিত করতে, প্রতি চার বছর অন্তর এই নীতিমালাকে একটি পরিমার্জন প্রক্রিয়ার মধ্য দিয়ে যেতে হবে। আমাদের পর্যালোচনা এই প্রকাশ্য শুনানিতে পাওয়া মতামতের উপর ব্যাপকভাবে নির্ভর করবে, কারণ এই প্রক্রিয়ায় কর্মীদের এবং ব্যবসা প্রতিষ্ঠানগুলোর জন্য নিজেদের মতামত জানানোর সুযোগ পাওয়া কতটা গুরুত্বপূর্ণ তা আমাদের জানা আছে। আমরা প্রত্যেককে এবং যেকোনো ব্যক্তিকে উপস্থিত থাকার জন্য উৎসাহিত করছি।"

এই শুনানি চলাকালীন সময়ে, জনসাধারণ একটি প্যানেলের সামনে নিজেদের মতামত প্রদান করার সুযোগ পাবেন যেটিতে অন্তর্ভুক্ত রয়েছেন কমিশনার রিয়ারডন, নিউ ইয়র্ক স্টেটের মানবাধিকার বিভাগের (Division of Human Rights) কমিশনার মারিয়া ইম্পেরিয়াল, এবং গভর্নর হোকলের কাউন্সেল এলিজাবেথ ফাইন।

নিউ ইয়র্ক স্টেটের মানবাধিকার বিভাগের কমিশনার মারিয়া এল. ইম্পেরিয়াল বলেন, "নিউ ইয়র্ক স্টেট কর্মীদের নাগরিক অধিকারকে অনেক বেশি গুরুত্ব দেয়। যৌন হয়রানি থেকে মুক্ত আরো উন্নত, আরো বেশি সমতাপূর্ণ, এবং অন্তর্ভুক্তিমূলক কর্মস্থল গড়ে তোলার জন্য মাঠ পর্যায়ে কী ঘটছে তা বোঝার জন্য আমরা সাধারণ নিউ ইয়র্কবাসীদের মতামত শুনতে চাই।"

এই ঘোষণা নিয়োগকারীদের জন্য নিউ ইয়র্কে দেশের নেতৃস্থানীয় যৌন হয়রানি প্রতিরোধের মডেল নীতিমালা জোরদার করার ব্যাপারে গভর্নর হোকলের অঙ্গীকারাবদ্ধতার সঙ্গে যোগ হচ্ছে। জুলাই মাসে, তিনি জনসাধারণকে এই নিরাপদ ফরমের মাধ্যমে বর্তমান যৌন হয়রানি প্রতিরোধের মডেল নীতিমালা সম্পর্কে মতামত প্রদানের জন্য আমন্ত্রণ জানানোর ঘোষণা দিয়েছিলেন। যেসব নিউ ইয়র্কবাসী 15ই সেপ্টেম্বরের শুনানিতে উপস্থিত থাকতে পারবেন না তারা 20 সেপ্টেম্বর, 2022 তারিখ পর্যন্ত NY.gov ফরমের মাধ্যমে বিবৃতি জমা দেওয়া অব্যাহত রাখতে পারবেন।

কর্মচারী সংখ্যা নির্বিশেষে সব নিয়োগকারীর জন্য একটি যৌন হয়রানি প্রতিরোধের নীতিমালা গ্রহণ করা এবং কর্মচারীদেরকে বার্ষিক প্রশিক্ষণ প্রদান করা আবশ্যক করার মাধ্যমে অধিকতর নিরাপদ এবং আরো বেশি সমতাপূর্ণ কর্মস্থল প্রতিষ্ঠা করার জন্য নিউ ইয়র্ক স্টেটের অঙ্গীকারাবদ্ধতার অংশ হিসেবে 2018 সালে বর্তমান যৌন হয়রানি প্রতিরোধের মডেল নীতিমালা তৈরি করা হয়। এই আইনে প্রতি চার বছর অন্তর যৌন হয়রানি প্রতিরোধের মডেল নীতিমালা পর্যালোচনা ও পরিমার্জন করার বিধান অন্তর্ভুক্ত করা হয়েছিল। কর্মস্থলের পরিবেশ প্রতিনিয়ত পরিবর্তিত হচ্ছে, এবং কর্মজগতের পরিবর্তনকে প্রতিফলিত করার জন্য স্টেট এটির যৌন হয়রানি প্রতিরোধের মডেল নীতিমালা উন্নত করতে দৃঢ় প্রতিজ্ঞ।

সাক্ষ্যপ্রদান করতে অথবা অংশগ্রহণ করতে আগ্রহী যেকোনো ব্যক্তির এই নিরাপদ নিবন্ধন ফরমের মাধ্যমে সাইন-আপ করা উচিত। লোকজনের নিবন্ধন করার ক্রম অনুযায়ী সাক্ষ্যপ্রদান করতে হবে। উপস্থিত থাকতে আগ্রহী সংবাদ কর্মীরা একই ফরমের মাধ্যমে অবিলম্বে অবহিত করা উচিত। যদি আপনি অংশগ্রহণ করেন, তাহলে অনুগ্রহ করে নিরাপত্তাজনিত উদ্দেশ্যে পরিচয়পত্র সঙ্গে আনুন।

বর্তমান যৌন হয়রানি প্রতিরোধের মডেল নীতিমালা সম্পর্কে আরো তথ্যের জন্য কর্মস্থলে যৌন হয়রানির বিরুদ্ধে লড়াই করা শীর্ষক পেইজে যান এবং মতামত প্রদান করতে মডেল যৌন হয়রানি প্রতিরোধ নীতিমালা শীর্ষক পেইজে যান।

যদি আপনি অথবা আপনার পরিচিত কোনো ব্যক্তি কর্মস্থলে যৌন হয়রানির সম্মুখীন হন, তাহলে অনলাইনে একটি রিপোর্ট জমা দিন অথবা 1-800-HARASS-3 নম্বরে DHR-এর যৌন হয়রানি সম্পর্কিত নতুন টোল-ফ্রি হটলাইনে ফোন করুন, সোমবার থেকে শুক্রবার সকাল 9:00টা থেকে বিকাল 5:00টার মধ্যে।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418